

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 17.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

১) তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাবের টাকা নিয়ে জালিয়াতির প্রেক্ষিতে রাজ্য সরকার সবকটি সামাজিক সুরক্ষা প্রকল্পে উপভোগ্তাদের ব্যাক্ষ অ্যাকাউন্ট যাচাই করবে।

ট্যাব জালিয়াতিতে এখনও পর্যন্ত ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রুজু হয়েছে ১২০-টি মামলা।

২) আদিবাসী সমাজের উন্নয়ন প্রকল্পগুলির অগ্রগতি পর্যালোচনায় আগামী সোমবার বৈঠকে বসছে রাজ্য সরকার।

৩) গঙ্গাসাগরে ভয়াবহ ভাঙ্গন রুখতে আই আই টি মাদ্রাজ এবং নেদারল্যান্ডসের প্রযুক্তিগত সহায়তা নেবে রাজ্য সরকার।

৪) কসবার ত্রুটি কংগ্রেস কাউন্সিলার সুশাস্ত ঘোষকে খুনের চেষ্টার অভিযোগে আরও একজনকে পাকড়াও করেছে পুলিশ।

৫) অভয়ার জন্য ন্যায় বিচারের দাবিতে আজ ফের রাত সমাবেশের ডাক দিয়েছে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট সহ বেশ কয়েকটি সংগঠন।

৬) রঞ্জি ট্রফির ম্যাচে ইন্দোরে বাংলা ১১ রানে মধ্যপ্রদেশকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে তরঁণের স্বপ্ন প্রকল্পের ট্যাবের টাকা নিয়ে জালিয়াতির প্রেক্ষিতে রাজ্য সরকার সমস্ত সামাজিক সুরক্ষা প্রকল্পে উপভোক্তাদের ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করার সিদ্ধান্ত নিয়েছে। টাকা পাঠানোর আগে উপভোক্তার সমস্ত তথ্য যাচাই করা হবে। কন্যাশ্রী, রূপশ্রী, জয় জোহার-সহ সব সামাজিক সুরক্ষা প্রকল্পগুলির ক্ষেত্রে এই সিদ্ধান্ত কার্যকর করা হবে। অর্থ দপ্তর ও ব্যাঙ্কের আধিকারিকরা ব্যাঙ্কের তথ্য যাচাই করবেন বলে নবান্নের তরফে জানানো হয়েছে। তার পরেই ট্রেজারির মাধ্যমে টাকা পাঠানো হবে। আগামী শুক্রবার মুখ্যসচিব মনোজ পন্থ নবান্ন ব্যাঙ্ক আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসছেন। সেখানে এই বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হবে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে তরঁণের স্বপ্ন প্রকল্পে ট্যাব বিতরণে জালিয়াতির ঘটনায় এখনও পর্যন্ত ১২০-টি মামলা রঁজু হয়েছে। ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। মোট ১ হাজার ৯১১ জন প্রতারিত হয়েছেন বলে রাজ্য পুলিশের সিআইডি জানিয়েছে।

এদিকে, এই ঘটনায় আরও একজনকে গ্রেপ্তার করেছে মালদা সাইবার ক্রাইম থানার পুলিশ। বৈষ্ণবনগরের তিনশতবিংশ এলাকার বাসিন্দা বছর ৪০-এর সেরাজুল মিয়ার অ্যাকাউন্টে গাজোলের একটি স্কুলের পড়ুয়ার ট্যাবের টাকা তুকেছিল বলে খবর। এরপর সেই টাকা তুলেও নেওয়া হয়। ট্যাবের টাকা লোপাট করতে সে নিজের অ্যাকাউন্ট ভাড়া দিয়েছিল বলে তদন্তকারীদের প্রাথমিক অনুমান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আদিবাসী সমাজের উন্নয়ন কল্পে প্রকল্পগুলি সঠিকভাবে চলছে কিনা তা পর্যালোচনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বৈঠক দেকেছেন। আগামীকাল নবান্ন সভাঘরে বিকেল সাড়ে চারটায় আদিবাসী উপদেষ্টা কমিটির সঙ্গে এই বৈঠক হওয়ার কথা। মুখ্যমন্ত্রী ছাড়াও, আদিবাসী উন্নয়ন দপ্তরের মন্ত্রী বীরবাহা হাঁসদা এবং দপ্তরের আধিকারিকরা সেখানে উপস্থিত থাকবেন। চলতি প্রকল্পগুলি ছাড়াও আর কোন কোন প্রকল্পের প্রয়োজনীয়তা রয়েছে, কিভাবে আদিবাসী সমাজের আরও উন্নয়ন করা সম্ভব

তা খতিয়ে দেখা হবে এই বৈঠকে। আদিবাসী সমাজের বিভিন্ন সংগঠনের প্রতিনিধিত্বও উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

গঙ্গাসাগরে ভয়াবহ ভাঙ্গন রুখতে রাজ্য সরকার আই আই টি মাদ্রাজ এবং নেদারল্যান্ডসের প্রযুক্তিগত সহায়তা নেবে। আসন্ন সাগরমেলার প্রস্তুতিতে স্বল্প মেয়াদী পরিকল্পনার পাশাপাশি দীর্ঘ মেয়াদী ভিত্তিতেও পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে বলে সেচমন্ত্রী মানস ভুঁইয়া জানিয়েছেন। গতকাল সাগরমেলার প্রস্তুতি বৈঠকে অংশ নেন তিনি। উপস্থিত ছিলেন, সুন্দরবন উন্নয়নমন্ত্রী বক্ষিম হাজরা, স্থানীয় বিধায়ক জেলা সভাধিপতি সহ আধিকারিকরা। মেলার জন্য দফতরের বকেয়া কাজগুলি দ্রুত শেষ করারও নির্দেশ দিয়েছেন সেচমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জমি নিয়ে বিবাদের জেরেই কলকাতা পুরসভার ১০৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সুশান্ত ঘোষের উপর হামলার পরিকল্পনা বলে মূল অভিযুক্ত মহম্মদ ইকবাল ওরফে আফরোজ পুলিশকে জানিয়েছে। গতকাল বর্ধমানের গলসি থেকে ইকবালকে আটক করে পুলিশ। জিজ্ঞাসাবাদের সময় পঞ্চান্ন গ্রামের বাসিন্দা ওই ব্যক্তি জোর করে জমি দখলের বিষয়টি পুলিশকে জানিয়েছে। তাকে গলসি থেকে গতরাতে কলকাতায় নিয়ে আসা হয়েছে। যদিও পুলিশ জেরায় সে ইকবাল নয় বলে দাবি করায় পুলিশ তা তদন্ত করে দেখছে।

এই ঘটনায় ধৃত বিহারের বৈশালীর বাসিন্দা যুবরাজ সিং ও ট্যাক্সি চালক আহমেদকে গতকাল আদালতে তোলা হলে তাদের ২৯শে নভেম্বর পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে।

উল্লেখ্য, গত শুক্রবার সন্ধ্যায় ১০৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলার সুশান্তকে লক্ষ্য করে গুলি চালানোর চেষ্টা করে ব্যর্থ হয় দুষ্কৃতীরা। তাড়া করে যুবরাজ সিং নামে একজনকে ধরে ফেলে স্থানীয়রা। পরে তাকে পুলিশ গ্রেফতার করে। ধৃতকে জেরা

করেই পরিকল্পনার ছক স্পষ্ট হয়। পরে এই ঘটনায় ট্যাক্সি চালক আহমেদকেও গ্রেফতার করা হয়।

এদিকে গতকাল ঘটনাস্থলে যান কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা। সঙ্গে ছিলেন DC-SSD বিদিশা কলিতা সহ পদস্থ কর্তারা। কমিশনার বলেন পুলিশ ঘটনার উপযুক্ত তদন্ত করছে। ঘটনার পরই তৃণমূল কাউন্সিলর সুশান্ত ঘোষের নিরাপত্তা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে কলকাতা পুলিশ। তার সঙ্গে কথা বলেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ শীর্ষ নেতারা।

এদিকে এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। রাজ্যের বাইরে থেকে কিভাবে অস্ত্র ও দুষ্কৃতীরা অবাধে প্রবেশ করছে সেই প্রশ্ন তুলেছেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম -

(বাইট)

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার কটাক্ষ করে বলেছেন, রাজ্যের পুলিশ মন্ত্রীর কথা পুলিশ শুনছে না এই অভিযোগ অত্যন্ত উদ্বেগের।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুলিশ রাজ্যের বিরোধী দলের নেতাদের ওপর নজরদারি চালাচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, বিজেপি সহ বিভিন্ন বিরোধী দলের কার্যালয় ও নেতাদের ওপর পুলিশ নজরদারি চালাচ্ছে। তিনি বলেন এর পরিবর্তে আসল অপরাধীদের ওপর নজরদারি করলে রাজ্যের মঙ্গল হোত। প্রয়োজনে নজরদারির বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রকে জানানো হবে বলেও সুকান্ত বারু জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

১-শো দিন অতিক্রান্ত হলেও অভয়ার জন্য ন্যায় বিচার এখনও পাওয়া যায়নি। এই অভিযোগ তুলে ফের রাত সমাবেশের ডাক দিয়েছে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার্স ডক্টর্স ফ্রন্ট এবং অভয়া মঞ্চ।

আজ শ্যামবাজার পাঁচমাথার মোড়ে হবে জমায়েত। মেডিকেল সার্ভিস সেন্টার, সার্ভিস ডক্টর্স ফোরাম এবং নার্সেস ইউনিটি মৌলালি যুব কেন্দ্রে একটি গণকনভেনশনের ডাক দিয়েছে। সমাজের সর্বস্তরের মানুষকে সমাবেশে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছে তারা।

আগামীকাল জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের ১০ চিকিৎসক সিজিও কমপ্লেক্সে সিবিআই দফতরে যাবেন। জমা দেওয়া হবে স্মারকলিপি।

এদিকে, গতকালও বেশ কয়েকটি সংগঠন ন্যায় বিচারের দাবিতে পথে নেমেছে। বাম ছাত্র সংগঠন এসএফআই, সোদপুরের ট্রাফিক মোড়ের নাম পরিবর্তন করে তিলোত্তমা মোড় রাখার দাবিতে গতকাল স্বাক্ষর সংগ্রহ অভিযান শুরু করেছে। নির্যাতিতার মা-বাবা প্রথম স্বাক্ষর করেন। মোট ১ লক্ষ সই সংগ্রহ করা হবে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার ট্যাক্সিস্ট্যান্ডে দালালচক্র রুখতে পর পর দু'দিন হানা দিয়ে ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এই দালালচক্র নিয়ে বেশ কয়েক দিন ধরেই পুলিশের কাছে অভিযোগ আসছিলো। নির্ধারিত ভাড়ার চেয়েও বেশি ভাড়া চাওয়া হচ্ছিল বলে অভিযোগ ওঠে। এর পর গতকাল ফের বিশেষ অভিযান চালায় গোলাবাড়ি থানার পুলিশ। গ্রেফতার করা হয় তিনজনকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়ার বিষ্ণুপুরে একটি বিলাস বহুল হোটেলে গাড়ি পার্কিং-এ থাকা গাড়ি থেকে চালকের দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। অশোক রাজবংশী নামে বছর ৫০-এর

ওই ব্যক্তি নিউটাউন থানা এলাকার বাসিন্দা। এজেন্সির মাধ্যমে ভাড়া গাড়িতে বিষ্ণুপুর বেড়াতে যায় কলকাতার একটি পরিবার। তাদের সঙ্গেই ছিলেন ওই চালক। গতকাল গাড়ির ভেতর থেকে তাঁর দেহ উদ্বার হয়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুন্দরবনে বাঘের বর্তমান সংখ্যা জানতে আগামী সপ্তাহে আরেক দফা ব্যাস্ত শুমারি শুরু হচ্ছে। এবার ৪৫ দিন ধরে ক্যামেরা ট্র্যাপিংয়ের কাজ চলবে। এর জন্য ৪ হাজার ১০০ বর্গ কিলোমিটার জুড়ে ১ হাজার ৪৪৪টি ক্যামেরা বসানো হচ্ছে। শুমারির কারণে সুন্দরবন ব্যাস্ত প্রকল্পের জঙ্গল, পর্যটকদের জন্য শুক্রবার করে বন্ধ রাখা হবে। শুধু বাঘ নয় মেছো বিড়ল, বুনো শুকর সহ অন্যান্য প্রাণীর ছবিও নেওয়া হবে ক্যামেরায়। জঙ্গলের মধ্যে ক্যামেরা কীভাবে বসাতে হবে, সেজন্য বনকর্মীদের একপ্রস্তুত প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২১শে নভেম্বর থেকে জঙ্গল জুড়ে ক্যামেরা বসানোর কাজ শুরু হবে। আর তা শেষ হবে ২৬ নভেম্বর। জানুয়ারির প্রথম সপ্তাহ পর্যন্ত ছবি তোলার কাজ চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাসযাত্রা উপলক্ষে জমজমাট নদীয়ার শান্তিপুর ও নবদ্বীপ। শান্তিপুরের ভাঙ্গা রাসের প্রধান আকর্ষণ রাইরাজার শোভাযাত্রা। শ্রী রাধিকার কৃষ্ণ সাজার পৌরাণিক বিশ্বাসের থেকেই এই রীতি চলে আসছে। শোভাযাত্রায় অংশ নেন গোস্বামী বাড়িগুলি ছাড়াও বিগ্রহ পরিবারগুলি। নির্বিশ্বে রাসযাত্রা সম্পন্ন করতে ব্যাপক পুলিশি বন্দেবস্তু করা হয়েছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অনুপম)

কোচবিহারের মদনমোহন দেবের ১৩৫তম রাসযাত্রা উপলক্ষে গতকাল শুরু হয়েছে রাস মেলা, চলবে ১৫দিন।

মল্লরাজধানী বিষ্ণুপুর ছাড়াও বাঁকুড়া জেলার বিভিন্ন প্রান্তে রাসযাত্রায় মাতোয়ারা মানুষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষার্থীদের জন্য রেল হাওড়া ও ব্যান্ডেলের মধ্যে বেশ কয়েকটি বিশেষ ট্রেন চালাচ্ছে। যাত্রা পথে সবকটি স্টেশনেই ট্রেনগুলি দাঁড়াচ্ছে।

হাওড়া - বর্ধমান শাখাতেও বেশ কয়েকটি ট্রেন চালানো হচ্ছে।

এদিকে, কলকাতা মেট্রো আজ কবি সুভাষ, দক্ষিণেশ্বর রুটে ১৩০-টির জায়গায় ১৩৮-টি মেট্রো চালাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার প্রান্তন আধিকারিক সুব্রত নাগ প্রয়াত। বয়স হয়েছিল ৭৮ বছর। দক্ষিণ কলকাতার একটি নার্সিং হোমে গত ১৫ তারিখ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ ছাড়াও কলকাতা দূরদর্শনে দীর্ঘদিন কাজ করেছেন তিনি। দায়িত্ব সামলেছেন প্রেস ইনফরমেশন বুরো পি আই বি-র। কলকাতায় বি এস এফ-এর জন সংযোগ আধিকারিকের ভূমিকা সহ মন্ত্রকের নানা মিডিয়া ইউনিটের দায়িত্ব সামলেছেন দক্ষ হাতে। সুব্রত নাগের প্রয়াণে শোকের ছায়া সাংবাদিকমহলে।

কলকাতা প্রেস ক্লাব তাঁর প্রয়াণে শোক প্রকাশ করে বার্তা দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামী কয়েকদিনে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকলেও তাপমাত্রার পারদ কিছুটা কমার পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আবহাওয়াবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, পশ্চিমের জেলাগুলিতে একটু বেশি শীত অনুভূত হওয়ার সম্ভাবনা।

(বাইট - সৌরিশ)

কলকাতায় আজ সকালে সর্ব নিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ ডিগ্রী সেলসিয়াস।
যা স্বাভাবিকের চেয়ে প্রায় ১ ডিগ্রী কম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইন্দোরে রঞ্জি ট্রফির ম্যাচে বাংলা ১১ রানে মধ্যপ্রদেশকে হারিয়ে দিয়েছে। জয়ের
জন্য ৩৩৮ রানের লক্ষ্য নিয়ে খেলতে নেমে চতুর্থ তথা শেষদিনে মধ্যপ্রদেশ দ্বিতীয়
ইনিংস ৩২৬ রানে শেষ হয়। বাংলার হয়ে শাহবাজ আহমেদ চারটি, মহম্মদ শামি
তিনটি উইকেট নিয়েছেন। শাহবাজ ম্যাচের সেরা হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০